ই - সংবাদ

কাঞ্চনপুর মহকুমা ভিত্তিক আন্তঃ বিদ্যালয় নাট্য উৎসবের প্রস্তুতি

কাঞ্চনপুর, ১৩ জুলাই ।। কাঞ্চনপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে মহকুমা ভিত্তিক আন্তঃবিদ্যালয় নাট্য উৎসব আগামী ১৭ ও ১৮ আগষ্ট কাঞ্চনপুর টাউন হলে অনুষ্ঠিত হবে । এই উৎসবকে সফল করে তোলার লক্ষ্যে গত ১১ জুলাই কাঞ্চনপুর টাউন হলে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । সভায় বিশিষ্ট সমাজ সেবী অজিত সাহা, নাট্য ব্যক্তিত্ব সুজিত বরুয়া, রূপক নাথ, তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক সহ বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন । এই অনুষ্ঠানকে সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে সভা থেকে বিধায়ক রাজেন্দ্র রিয়াংকে সভাপতি এবং আই সি ও সিবেন্দ্র দেববর্মাকে আহ্বায়ক নিযুক্ত করে একটি উৎসব পরিচালনা কমিটি এবং ৬টি উপ-কমিটি গঠন করা হয় ।

কমলপুরে লোক সংস্কৃতি ও বনমহোৎসবের প্রস্তুতি

কমলপুর, ১৩ জুলাই ।। কমলপুর নগর পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব এবং বনমহোৎসব আয়োজন করার লক্ষ্যে সম্প্রতি নগর পঞ্চায়েত কার্যালয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সুব্রত ভট্টাচার্যের সভাপতিত্বে আয়োজিত সভায় নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন খনা দাস, সদস্যগণ, বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ সহ নগর পঞ্চায়েতের কার্যনির্বাহী আধিকারিক উপস্থিত ছিলেন । সভায় সিদ্ধান্ত হয়, নগর পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হবে ২ টি স্থানে । ১৯ জুলাই হবে কমলপুর বাস টার্মিনাস সংলগ্ন মুক্তমঞ্চে এবং দ্বিতীয় অনুষ্ঠানটি হবে ২১ জুলাই ফুলছড়ি বাজারের মুক্তমঞ্চে ।

এছাড়া, আগামী ২০ জুলাই বনমহোৎসবের অনুষ্ঠানটি হবে কমলপুর টাউনহল প্রাঙ্গণে । এই অনুষ্ঠান শুরুর আগে একটি বর্ণাঢ্য র‍্যালী আয়োজিত হবে । উল্লিখিত অনুষ্ঠানগুলি সফল করে তোলার জন্য বিভিন্ন কমিটি গঠন করা হয়েছে ।

দুর্গাচৌমুহনী ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসবের প্রস্তুতি

কমলপুর, ১৩ জুলাই ।। দুর্গাচৌমুহনী ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব আগামী ৭ ও ৮ আগষ্ট মানিকভান্ডারস্থিত সৌমেন্দ্র সূত্রধর মুক্তমঞ্চে অনুষ্ঠিত হবে । এর আগে আগামী ৩১ জুলাই-র মধ্যে ব্লকের ২১টি পঞ্চায়েত এবং ৮টি এ ডি সি ভিলেজে লোক সংস্কৃতি উৎসব সম্পন্ন করা হবে । এ উপলক্ষ্যে গতকাল ব্লক কার্যালয়ে আয়োজিত প্রস্তুতি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয় । পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মানবেন্দ্র দেব-এর সভাপতিত্বে এই সভায় বিধায়ক অঞ্জন দাস, ধলাই জিলা পরিষদের সভাধিপতি পরিমল দাস, বি এ সি-র চেয়ারম্যান সঞ্জিত কুমার দেববর্মা, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান বিশ্বেশ্বর আহির, বিভিন্ন পঞ্চায়েত ও ভিলেজ কমিটির জনপ্রতিনিধিগণ, বি ডি ও মহেন্দ্র কান্থে চাকমা সহ অন্যান্য বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন ।

স্বাধীনতা দিবস ঃ কুমারঘাটে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

কুমারঘাট, ১৩ জুলাই ।। কুমারঘাট মহকুমায় স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে গতকাল কুমারঘাট পঞ্চায়েত সমিতি হলে এক সভা অনুষ্ঠিত হয়। কুমারঘাট মহকুমা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই সভায় কুমারঘাট পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন রতন চক্রবর্তী, প্রাক্তন বিধায়ক বিজয় রায়, মহকুমা শাসক জে ভি দোয়াতি, বি ডি ও মানিক দাস, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সহ সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন ।

সভার সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ১৫ আগষ্ট কুমারঘাট মহকুমায় বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে স্বাধীনতা দিবস উদযাপন করা হবে। মহকুমার মূল অনুষ্ঠানটি হবে পূর্ত দপ্তরের ময়দানে । এই অনুষ্ঠানকে সার্বিক ভাবে সফল করে তোলার জন্য সভা থেকে একটি উপদেষ্টা কমিটি এবং বিভিন্ন সাব কমিটি গঠন করা হয় ।

উত্তর ঘিলাতলী ভিলেজে রেগায় নানা কাজ

তেলিয়ামুড়া, ১৩ জুলাই ।। কল্যাণপুর ব্লকের উত্তর ঘিলাতলী এ ডি সি ভিলেজে এম জি এন রেগায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ রূপায়িত হয়েছে। এই কর্মসূচিতে জমি সমতলকরণ করা হয়েছে ৪৫টি । এতে ২৯ লক্ষ ৬০ হাজার ৬০৩ টাকা ব্যয় হয় । এই কাজে শ্রমদিবস সৃষ্টি হয় ১৭ হাজার ৫৫৯টি । মাছ চাষ সম্প্রসারণের জন্য পুকুর খনন করা হয়েছে ৪টি। এতে ১৬ লক্ষ ৬৮ হাজার ৬৪১ টাকা ব্যয় হয় । শ্রমদিবস সৃষ্টি হয় ৯ হাজার ৭৪৩টি । এছাড়া, ৯টি কাঁচা নালা সংস্কারে ব্যয় হয় ৮ লক্ষ ৯০ হাজার ৫৬২ টাকা । এতে শ্রমদিবস সৃষ্টি হয় ৫ হাজার ২৫০টি ।

দক্ষিণ মধুপুরে লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

বিশালগড়, ১৩ জুলাই ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গত ১০ জুলাই দক্ষিণ মধুপুর পঞ্চায়েতে লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । উক্ত পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে এলাকার শিল্পীরা লোক সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন । এই অনুষ্ঠানের উদ্বোধন করেন পঞ্চায়েত প্রধান সঞ্জীত সরকার । সভাপতিত্ব করেন উক্ত পঞ্চায়েতের উপ প্রধান মল্লিক দেববর্মা ।

বিশালগড়ে চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত

বিশালগড়, ১৩ জুলাই ।। বিশালগড় মহকুমা হাসপাতালে সম্প্রতি চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয় । স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আয়োজিত এই শিবিরে চক্ষু বিশেষজ্ঞগণ ৮৫ জনের চোখ পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ প্রদান করেন। এরমধ্যে ৭ জনের চোখের ছানি অপারেশন করা হয় ।

সমাজসেবা মূলক কাজের বিষয়ে ছাত্র ছাত্রীদের প্রশিক্ষণ

বিশালগড়, ১৩ জুলাই ।। বিশালগড় নারীমঙ্গল উচ্চ বিদ্যালয়ের সি আর সি হলে গত ১১ জুলাই বিশালগড় পুর পরিষদ ভিত্তিক যুব বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আয়োজিত এই কর্মশালায় বিশালগড়, কড়ইমুড়া ও অফিসটিলা দ্বাদশ শ্রেনী বিদ্যালয়ের এন এস এস ইউনিটের ছাত্র ছাত্রীরা অংশ গ্রহণ করে। কর্মশালার উদ্বোধন করেন বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন পূর্ণিমা চক্রবর্ত্তী। তিনি ছাত্র ছাত্রীদের সমাজ সেবামূলক কাজে আত্মনিয়োগ করার পরামর্শ দেন। এছাড়া বক্তব্য রাখেন রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়ের অধ্যাপক ড. চিত্রা পাল, অফিসটিলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা অঞ্জলি সরকার, নারীমঙ্গল উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ঝর্না দেববর্মা প্রমুখ। সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট পুরপরিষদের স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সেলিনা বেগম। কর্মশালায় ছাত্র ছাত্রীদের সমাজের প্রতি কর্তব্য, সমাজের বিভিন্ন অসামাজিক কাজগুলি সম্পর্কে সচেতন হওয়ার পাশাপাশি অন্যকে সচেতন করে তুলতে এবং সমাজ সেবা মূলক বিভিন্ন দিক নিয়ে হাতে কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। যুব বিষয়ক ও ক্রীড়া, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিকগণ সহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণ ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ দেন।

রানীরবাজার স্বাস্থ্যকেন্দ্রে চক্ষু চিকিৎসা শিবির ১৭ জুলাই

আগরতলা, ১৩ জুলাই ।। স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আগামী ১৭ জুলাই রানীরবাজার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরে চক্ষু রোগীদের চোখ পরীক্ষা করে ঔষধ দেওয়া হবে এবং প্রয়োজনবোধে মাইক্রো সার্জারী পদ্ধতিতে চোখের ছানি অপারেশন করা হবে। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে এই শিবিরের সুযোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানানো হয়েছে।

ঘোড়াকাপ্পা ও বগাচেতল ভিলেজে লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

করবুক, ১৩ জুলাই ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে শিলাছড়ি ব্লকের ঘোড়াকাপ্পা এডিসি ভিলেজে গত ১১ জুলাই ভিলেজ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয়। ঘোড়াকাপ্পা বাজারে আয়োজিত এই উৎসবে উক্ত ভিলেজের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে এলাকার শিল্পীরা লোক সংগীত ও নৃত্য পরিবেশন করেন । অনুরূপ ভাবে বগাচেতল এডিসি ভিলেজেও লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । ভিলেজ কার্যালয়ে আয়োজিত এই উৎসব এলাকার শিল্পীরা লোক সংগীত ও নৃত্য, বাঁশি বাদন ইত্যাদি পরিবেশন করেন।

ত্রিপুরা সরকারের আবেদন

আগরতলা, ১৩ জুলাই ।। আই পি এফ টি দলের একটি গোষ্ঠী ত্রিপুরাকে ভাগ করে অপর আর একটি রাজ্য গঠনের দাবি সামনে রেখে গত ১০ জুলাই থেকে রাজ্যের জাতীয় সড়ক ও রেলপথ অবরোধ করে চলছে । ত্রিপুরা সরকার অনেক আগে থেকেই রাজ্য ভাগের এই দাবিকে বিরোধিতা করেছে এবং অবাস্তব বলে আখ্যায়িত করেছে । ত্রিপুরার জনগণেরও এই অবাস্তব দাবির প্রতি সমর্থন নেই । উল্লেখিত অবরোধ কর্মসূচি ঘোষণার পরও ত্রিপুরা সরকার তার অবস্থানে দৃঢ় থেকে এই আন্দোলনের আহ্বায়কদের উদ্দেশ্যে রাজ্যের জনগণের নানা সমস্যা সৃষ্টি হতে পারে বিধায় এই কর্মসূচিতে না যেতে আবেদন জানায় ।

আই পি এফ টি-র সংশ্লিষ্ট গোষ্ঠীর নেতৃত্ব রাজ্য সরকারের আবেদনে সাড়া দেননি । এই অবরোধের কারণে পণ্য বিশেষ করে অত্যাবশ্যক পণ্য সামগ্রী আনা-নেওয়া, যাত্রী সাধারণের স্বাভাবিক আসা-যাওয়া, ব্যবসা-বাণিজ্য, দৈনিক মজুরিতে কাজ করেন এমন সাধারণ মানুষের খুবই অসুবিধা হচ্ছে । এরই পরিপ্রেক্ষিতে মাঝে ত্রিপুরা সরকারের পক্ষ থেকে এই অবরোধ কর্মসূচি তুলে নিতে আবেদন জানানো হয়েছিল । কিন্তু কোনও সাড়া পাওয়া যায়নি ।

আজকে এই অবরোধ-সূচি চতুর্থ দিনে পড়েছে । এই অবরোধ কর্মসূচি জনদুর্ভোগ দূর করতে, জনস্বার্থে, রাজ্যের স্বাভাবিক জীবনযাত্রার স্বার্থে প্রত্যাহার করে নিতে আই পি এফ টি দলের সংশ্লিষ্ট নেতৃত্বের উদ্দেশ্যে পুনরায় রাজ্য সরকারের পক্ষ থেকে অনুরোধ জানানো হচ্ছে । রাজ্যে শান্তি সম্প্রীতি সুস্থিতি বজায় রাখতে এবং জনস্বার্থবাহী কার্যক্রম অব্যাহত রাখতে রাজ্য সরকারকে সহায়তা করার জন্য রাজ্যের সকল অংশের জনগণের উদ্দেশ্যে রাজ্য সরকার আন্তরিকভাবে অনুরোধ জানাচ্ছে ।

খোয়াই জিলা পরিষদের সাধারণ সভা অনুষ্ঠিত

খোয়াই, ১৩ জুলাই ।। খোয়াই জিলা পরিষদের সাধারণ সভা গতকাল খোয়াই পঞ্চায়েত সমিতির সভাকক্ষে অনুষ্ঠিত হয় । সভাধিপতি সাইনী সরকারের সভাপতিত্বে আয়োজিত সভায় জিলা পরিষদের সহকারী সভাধিপতি বিদ্যুৎ ভট্টাচার্য, বিধায়ক গৌরী দাস, কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুনীল মুন্ডা, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অমরেশ চৌধুরী, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান কৃষ্ণ শুক্লদাস, জিলা পরিষদ ও সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সদস্যগণ উপস্থিত ছিলেন ।

সভায় জেলা শিক্ষা আধিকারিক জানান, চলতি অর্থ বছরে জেলার বিভিন্ন বিদ্যালয়ের ১৯টি অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ করা হবে । কল্যাণপুর ব্লকের দ্বারিকাপুর হাইস্কুলে ইতিমধ্যে ৩টি অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ করা হয়েছে । জেলা স্বাস্থ্য আধিকারিক জানান, চলতি বছরে জেলার উত্তর মহারাণীপুর, দুর্গাপুর ও চাম্পাহাওরে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র নির্মাণ করা হবে । এছাড়া, জাতীয় কৃমি নাশক কর্মসূচির অঙ্গ হিসেবে আগামী ১০ আগষ্ট বিভিন্ন অঙ্গনওয়াড়ী কেন্দ্র ও বিদ্যালয়ের ছেলে-মেয়েদের কৃমি নাশক ঔষধ খাওয়ানো হবে । এদিকে, আগামী ১৮ জুলাই তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের উদ্বোধন হবে । জেলা কৃষি আধিকারিক জানান, চলতি বছরে খোয়াই জেলায় একটি রাইস মিল স্থাপন করা হবে । এছাড়া, কল্যাণপুর বাজারে ধান বিক্রির জন্য আলাদা বাজার শেড তৈরী করা হবে । জেলা উদ্যান ও ভূমি সংরক্ষণ আধিকারিক জানান, গত অর্থবছরে জেলায় ১৩২টি পাওয়ারটিলার ভর্তুকীতে প্রদান করা হয় । চলতি বছরে আরও ২১টি পাওয়ারটিলার দেওয়া হবে । এছাড়া, কল্যাণপুর ব্লকে ৯ হেঃ, মুঙ্গিয়াকামী ব্লকে ৪৯ হেঃ এবং খোয়াই ব্লকের ২১ হেঃ এলাকায় লেবু, মোসাম্বী, নারিকেল, সুপারী ইত্যাদি বাগান গড়ে তোলা হবে । পূর্ত দপ্তরের আধিকারিক জানান, খোয়াই মহকুমার শিববাড়ী ও পেকনীছড়া আর সি সি বীজ নির্মাণের কাজ আগামী ডিসেম্বর মাসে এবং বারবিল আর সি সি ব্রীজের কাজ আগামী সেপ্টেম্বর মাসে শেষ হবে ।

উত্তর একছড়ি ভিলেজে লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

করবুক, ১৩ জুলাই ।। করবুক ব্লকের উত্তর একছড়ি এ ডি সি ভিলেজে সম্প্রতি ভিলেজ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে উক্ত ভিলেজ কমিটি কার্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানে এলাকার শিল্পীরা লোক সঙ্গীত, জারি-সারি, মুর্শিদি এবং বিজু নৃত্য পরিবেশন করেন । অনুষ্ঠানে সংশ্লিষ্ট ভিলেজের চেয়ারম্যান খঞ্জনমালা উচই ও ভাইস চেয়ারম্যান নিত্যরঞ্জন দাস সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন ।

পশ্চিম চাঁদপুর ও পশ্চিম ফটিকছড়ায় লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

মোহনপুর, ১২ জুলাই ।। উৎসাহ উদ্দীপনায় সম্প্রতি হেজামারা ব্লকের পশ্চিম চাঁদপুর ভিলেজে লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে সংশ্লিষ্ট ভিলেজ কমিটি অফিসে আয়োজিত এই অনুষ্ঠানে উক্ত ভিলেজ কমিটির চেয়ারম্যান বীরেন্দ্র দেববর্মা, ভিলেজ কমিটির সদস্যা রূপেশ্বরী দেববর্মা সহ এলাকার বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে এলাকার শিল্পীরা উপজাতি বাউল, বাঁশি, চংপ্রেং, উপজাতি লোক সঙ্গীত ইত্যাদি পরিবেশন করেন ।

অপরদিকে, মোহনপুর ব্লকের পশ্চিম ফটিকছড়া গ্রাম পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব গত ১০ জুলাই স্থানীয় বাজালঘাট নাট মন্দিরে অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান কৃষ্ণমনি দত্ত সহ এলাকার বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে এলাকার শিল্পীরা বাঁশি বাদন, লোক সঙ্গীত, পদ্মাপুরাণ ইত্যাদি পরিবেশন করেন ।

পূর্ব গর্জিছড়া ভিলেজে নানা উন্নয়ন কাজ

উদয়পুর, ১২ জুলাই ।। মাতাবাড়ি ব্লকের পূর্ব গর্জিছড়া ভিলেজে এম জি এন রেগায় বিভিন্ন স্থায়ী সম্পদ গড়ে তোলা হয়েছে । এই কর্মসূচিতে ভিলেজে যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণে ৮টি কাঁচা রাস্তা সংস্কার, কৃষি কাজের উন্নয়নে ৫টি জমি সমতলকরণ, মৎস্য চাষের জন্য ২টি পুকুর খনন, ১৫টি কাঁচা নালা সংস্কার করা হয়েছে । এই প্রকল্পগুলি রূপায়ণে ব্যয় হয়েছে ৫১ লক্ষ ৯১ হাজার ৯৬২ টাকা । এতে শ্রমদিবস সৃষ্টি হয়েছে ৩২ হাজার ১৬৩টি । অপরদিকে, এ ডি সিঞ্চর সাব জোনাল থেকে রেগার মাধ্যমে ৬ জন সুবিধাভোগীকে রাবার বাগান তৈরি করে দেওয়া হয়েছে । এতে ব্যয় হয়েছে ৩ লক্ষ ১৫ হাজার ৬৬০ টাকা । এছাড়া, বন দপ্তর থেকে ৫ হেঃ জমিতে বাঁশের নার্সারী তৈরি করা হয় । এতে ব্যয় হয়েছে ৫ লক্ষ ৯৫ হাজার ৯১৩ টাকা ।

জাতীয় কৃমি নাশক দিবস ঃ ধলাই জেলায় কর্মশালা

আমবাসা, ১২ জুলাই ।। জাতীয় কৃমিনাশক দিবস কর্মসূচী ধলাই জেলায় সুষ্ঠু ভাবে সম্পন্ন করার জন্য ধলাই জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে আজ সকালে জওহর নগর ধলাই জেলা শাসকের কার্যালয়ের সভাগৃহে ধলাই জেলা ভিত্তিক এক কর্মশালা অনুষ্ঠিত হয় । কর্মশালায় ধলাই জেলা শাসক বিকাশ সিং সভাপতিত্ব করেন । কর্মশালায় উপস্থিত ছিলেন ধলাই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: সঞ্জয় বিশ্বাস, কর্মসূচীর রাজ্য নোডাল অফিসার ডা: দেবাশীস সাহা, ধলাই জেলা নোডাল অফিসার ডা: সুজিত দাস, কমলপুর মহকুমা শাসক মালিক লাল বৈদ্য, বিভিন্ন দপ্তরের জেলা স্তরের অফিসারগণ, স্বাস্থ্য দপ্তরের অফিসারগণ, বিদ্যালয় পরিদর্শকগণ ও সি ডি পি ও গণ ।

আগামী ৯ই আগষ্ট সকাল ১০টায় ধলাই জেলার গন্ডাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে জাতীয় কৃমি নাশক দিবস কর্মসূচী আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করা হবে । আগামী ১০ই আগষ্ট ধলাই জেলার সমস্ত অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, সমস্ত সরকারী, বেসরকারী স্কুলে ১ বছর থেকে ১৯ বছর বয়স্ক ছেলে মেয়েদের কৃমিনাশক ঔষধ (টেবলেট) খাওয়ানো হবে । যে সমস্ত ছেলে মেয়েদের ১০ই আগষ্ট কৃমি নাশক ঔষধ খাওয়ানো সম্ভব হবে না সেই সমস্ত ছেলে মেয়েদের আগামী ১৭ই আগষ্ট কৃমি নাশক ঔষধ খাওয়ানো হবে ।

জাতীয় কৃমি নাশক দিবসের কর্মসূচী ধলাই জেলায় সর্বাঙ্গীন সুন্দর ও সুষ্ঠু ভাবে সম্পন্ন করার জন্য মহকুমা ভিত্তিক আলোচনা সভা, ব্লক ভিত্তিক কর্মশালা আগামী ৩১ জুলাইর মধ্যে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ধলাই জেলায় জাতীয় কৃমি নাশক দিবস কর্মসূচী সফল করে তোলার জন্য প্রচার অভিযান, পোষ্টার, লিফলেট, জন সচেতনতামূলক কর্মসূচীর উপর গুরুত্ব দেওয়া হয় ।

জাতীয় কৃমি নাশক দিবস কর্মসূচীর গাইড লাইন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: সঞ্জয় বিশ্বাস, কর্মসূচীর রাজ্য নোডাল অফিসার ডা: দেবাশীস সাহা । ধলাইর জেলা শাসক বিকাশ সিং জেলায় জাতীয় কৃমি নাশক দিবস কর্মসূচী সফল করে তোলার জন্য স্বাস্থ্য কর্মী, আশাকর্মী, অঙ্গনওয়াড়ী কর্মী, শিক্ষক শিক্ষিকা, বিভিন্ন এন জি ওর প্রতিনিধিদের যুক্ত করার জন্য মহকুমা শাসক, বি ডি ও দের এবং সংশ্লিষ্ট দপ্তরের অফিসারদের নির্দেশ দেন ।

নলছড়ের চৌমুহনী বাজারে ৫টি মার্কেট ষ্টল নির্মিত

সোনামুড়া, ১২ জুলাই ।। তপ: জাতি কল্যাণ দপ্তরের গত অর্থ বছরের বরাদ্দকৃত অর্থে নলছড় ব্লকের বিভিন্ন পঞ্চায়েতে বেশ কিছু উন্নয়নমূলক কাজ সম্প্রতি রূপায়ণ করা হয়েছে । এই প্রকল্পে চৌমুহনী বাজারে পাঁচটি মার্কেট ষ্টল নির্মাণ করা হয়েছে । তাতে ব্যয় হয়েছে ৩ লক্ষ টাকা । ক্ষুদ্র ব্যবসার মাধ্যমে স্বনির্ভর হওয়ার জন্য ৮০ জন সুবিধাভোগীকে ১০ হাজার টাকা করে মোট ৮ লক্ষ টাকা সহায়তা দেয়া হয়েছে। হাঁস, মুরগী ও ছাগল পালনের মাধ্যমে স্বনির্ভর হওয়ার জন্য ২০ জন কৃষককে ১০ হাজার টাকা করে মোট ২ লক্ষ টাকা সহায়তা দেয়া হয়েছে । ব্লক এলাকার পাঁচটি বাদ্য শিল্পী দলকে পাঁচ সেট বাদ্য যন্ত্র দেয়া হয়েছে । তাতে ব্যয় হয়েছে ৮০ হাজার টাকা । এছাড়া আরো ছয়টি বাদ্য শিল্পী দলকে ছয়সেট বাদ্যযন্ত্র দেয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে । তার জন্য বরাদ্দ রয়েছে ১ লক্ষ ৬০ হাজার ২০০ টাকা । নলছড় ব্লক কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।